অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/14/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক, 14টি স্টেট এবং D.C. বাস ও ট্রাকের বৈদ্যুতীকরণ ব্যবস্থা বৃদ্ধি করবে বলে গভর্নর কুওমো ঘোষণা করেছেন

2050 সালের মধ্যে মাঝারি ও ভারী যানবাহন থেকে বিষাক্ত ডিজেল নির্গমন কমাতে কর্ম পরিকল্পনামূলক প্রস্তুতির অঙ্গীকার গ্রহণ করে নিউ ইয়র্ক সমঝোতা স্মারক স্বাক্ষর করলো

জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে নিউ ইয়র্কের জাতীয় নেতৃস্থানী লক্ষ্যমাত্রা সমর্থন করে

নিউ ইয়র্কে জলবায়ু পরিবর্তনকারী নির্গমনের বৃহত্তম উৎস পরিবহন খাতে বৈদ্যুতীকরণ করতে স্টেটের চলতি প্রচেষ্টার পরিপূরক

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বাস এবং ট্রাকের বৈদ্যুতীকরণ প্রক্রিয়া বৃদ্ধির জন্য 14টি স্টেট এবং কলম্বিয়া ডিস্ট্রিক্টসহ নিউ ইয়র্ক একটি কর্ম পরিকল্পনা তৈরি করবে। বড় পিকআপ ট্রাক এবং ভ্যান, ডেলিভারি ট্রাক, বক্স ট্রাক, স্কুল ও ট্রানজিট বাস এবং দীর্ঘ যাত্রার ডেলিভারি ট্রাকসহ বৈদ্যুতিক মাঝারি এবং ভারী যানবাহনের প্রাপ্তি বাজারে তরান্বিত করতে একটি যৌথ সমঝোতা স্মারকে স্টেট প্রতিশ্রুতি দিয়েছে। সমঝোতা স্মারক (Memorandum of understanding, MOU) লক্ষ্য হচ্ছে 2050 সালের মধ্যে বিক্রি হওয়া সকল নতুন মাঝারি ও ভারী যানবাহনের 100 শতাংশ শূন্য নির্গমন যানবাহন, যার মধ্যে এই ক্যাটেগরিগুলিতে 2030 সালের মধ্যে বিক্রি হওয়া গাড়িগুলিতে 30 শতাংশ থেকে শূন্য নির্গমনের অন্তর্বর্তীকালীন লক্ষ্যমাত্রা নিশ্চিত করা। এই ঘোষণা জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act)-এর অধীনে গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে স্টেটের নেতৃস্থানীয় লক্ষ্যমাত্রাকে সমর্থন করে।

"ফেডারেল নেতৃত্বের ঘাটতি এবং বিজ্ঞান অনুসরণে চূড়ান্ত ব্যর্থতার কারণে, সকল উৎস থেকে গ্রীনহাউস গ্যাস নির্গমন নির্মূল করতে একসাথে কাজ করে জলবায়ু সংকটের মোকাবিলা করাটা স্টেটের একটি দায়িত্ব হয়ে উঠেছে," **গভর্নর কুওমো বলেন**। "মাঝারি এবং ভারী যানবাহন থেকে দূষণ হ্রাস করলে নিউ ইয়র্কবাসীরা, বিশেষত নিম্ন আয় সম্পন্ন এলাকা এবং বিশেষ বর্ণের সম্প্রদায়, যারা ঐতিহাসিকভাবে এবং সামঞ্জস্যহীনভাবে সবচেয়ে খারাপ পরিবেশগত পরিণাম সহ্য করেছেন, তারা পরিচ্ছন্নত বাতাসে নিঃশ্বাস নিতে পারবেন। যেহেতু নিউ ইয়র্ক জাতীয় নেতৃস্থানীয় জলবায়ু

সংক্রান্ত য় উদ্যোগগুলির বাস্তবায়ন অব্যাহত রেখেছে, এই বহু-স্টেটের চুক্তি জলবায়ু পরিবর্তন মোকাবিলা স্টেটগুলির গুরুত্বপূর্ণ নেতৃত্বের ভূমিকাকে আরও অগ্রসর করে এবং অন্যান্য স্টেটের সামনে একটি দৃষ্টান্ত স্থাপন করে।"

সমঝোতা স্মারকে স্বাক্ষরকারীরা হলো: ক্যালিফোর্নিয়া, কানেক্টিকাট, কলোরাডো, হাওয়াই, মেইন, মেরিল্যান্ড, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, নিউ ইয়র্ক, নর্থ ক্যারোলিনা, অরেগন, পেনসিলভেনিয়া, রোডে আইল্যান্ড, ভারমন্ট, ওয়াশিংটন এবং ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া।

পরিবহন খাত এখন জলবায়ু পরিবর্তনকারী গ্রীনহাউস গ্যাস নির্গমনে দেশের বৃহত্তম উৎস এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক অংশে ওজোন স্তর এবং ধোঁয়ার অস্বাস্থ্যকর মাত্রা বৃদ্ধির কারণ হয়ে দাঁড়িয়েছে।জনস্বাস্থ্য সুরক্ষা এবং জলবায়ু পরিবর্তনের সবচেয়ে খারাপ পরিণামগুলি এড়াতে সার্বিকভাবে দূষণের মাত্রা ব্যাপকভাবে হ্রাস করতে ট্রাক এবং বাসের বৈদ্যুতীকরণ সাহায্য করবে। ট্রাক এবং বাস মার্কিন যুক্তরাষ্ট্রের রাস্তায় যানবাহনের আনুমানিক চার শতাংশ কিন্তু পরিবহন ক্ষেত্রের এক চতুর্থাংশ গ্রীনহাউস গ্যাস এখান থেকেই নির্গত হয়।

এছাড়া কমিউনিটিতে ভারী ট্রাক ট্রাফিকের ফলে তৈরি হওয়া বায়ু দূষণের বোঝা ট্রাক এবং বাসের বৈদ্যুতীকরণের দরুণ কমবে বলে আশা করা হচ্ছে। মাঝারি এবং ভারী ট্রাক থেকে ডিজেল নির্গমন পার্টিকুলেট পদার্থ এবং বায়ু বিষাক্ত হয়ে ওঠার অন্যতম মূল কারণ। এই নির্গমন নিম্ন আয় সম্পন্ন সম্প্রদায় এবং বিশেষ বর্ণের সম্প্রদায়কে সামঞ্জস্যহীনভাবে প্রভাবিত করে, প্রায়ই প্রধান ট্রাকিং করিডোর, বন্দর এবং বিতরণ কেন্দ্রের কাছে অবস্থিত।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation)-এর কমিশনার, বেসিল সেগোস বলেন, "জলবায়ু নিয়ে স্টেটের নেতৃত্বাধীন পদক্ষেপে নিউ ইয়র্ক নজির সৃষ্টি করছে। গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে দেশের জাতীয় নেতৃস্থানীয় লক্ষ্য অর্জন করতে, নিউ ইয়র্ককে অবশ্যই পরিবহন খাত থেকে নির্গমন কমাতে হবে যা এখন জলবায়ু দূষণের বৃহত্তম উৎস। আজকের ঘোষণা এটি আবারও প্রমাণ করে যে, জলবায়ু সংক্রান্ত ব্যাপারে গভর্নর কুওমোর নেতৃত্ব এবং স্টেটের পরিবেশবান্ধব জ্বালানীর উৎসে বিনিয়োগ এবং উদ্যোগের মাধ্যমে আমাদের গোষ্ঠীগুলিকে এবং আমাদের অপূরণীয় প্রাকৃতিক সম্পদের সুরক্ষার পাশাপাশি জলবায়ু সংক্রান্ত বিষয়ে প্রচেষ্টার ক্ষেত্রে দেশে অগ্রণী স্থান দখল করেছে নিউ ইয়র্ক।"

সমঝোতা স্মারক স্বাক্ষরকারীরা ট্রাক ও বাসের জন্য একটি ZEV কর্ম পরিকল্পনা প্রস্তুতি ও বাস্তবায়নের জন্য উত্তর-পূর্বাঞ্চলীয় স্টেটগুলির সহায়তায় বিদ্যমান বহু-স্টেট ZEV টাস্ক ফোর্সের মাধ্যমে কাজ করবে।

বৈদ্যুতিক ট্রাক এবং বাস ও এই গাড়িগুলিকে সেবা প্রদান করার জন্য প্রয়োজনীয় চার্জিং এবং জ্বালানি পরিকাঠামোর প্রচার এবং বিনিয়োগের মাধ্যমে স্বাক্ষরকারীর অধিক্ষেত্রতে কর্মসংস্থান এবং একটি মজবুত ও স্বচ্ছ অর্থনীতি গড়তে সহায়তা করবে। আজকের ঘোষণা পরিবহন খাতের বৈদ্যুতীকরণ করতে চলমান প্রচেষ্টার পরিপূরক। গভর্নরের নির্দেশনায়, DEC, নিউ ইয়র্ক স্টেট

এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority), স্টেটের পরিবহন দপ্তর, নিউ ইয়র্ক এবং নিউ জার্সির পোর্ট অথরিটি (Port Authority) এবং অন্যান্যরা যৌথভাবে পরিবেশবান্ধব পরিবহন NY-এর একটি পরিকল্পনা প্রস্তুত করেছে - সর্বাধিক সুবিধার জন্য ভক্সওয়াগন সেটেলমেন্ট রিসোর্সে রণকৌশলগতভাবে বিনিয়োগ করতে নিউ ইয়র্কের পরিকল্পনা এবং পরিবেশবান্ধব জ্বালানি এবং জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে দেশে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থান নির্মাণ করা। ভক্সওয়াগনের ফেডারেল সেটলমেন্টের মাধ্যমে ভক্সওয়াগন নির্গমন প্রতারণা কেলেঙ্কারির ক্ষয়ক্ষতি প্রশমিত করতে এই তহবিল সুরক্ষিত করা হয়। স্টেটের কৌশলগত লেভারেজকৃত সেটেলমেন্ট বিনিয়োগ ফান্ড নিউ ইয়র্কের সড়কপথে অন্তত 300 মিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন যানবাহন ও অবকাঠামো স্থাপন করবে বলে প্রত্যাশা করা হয়। পরিবহন খাত বর্তমানে নিউ ইয়র্কে গ্রিনহাউস গ্যাস নির্গমনের সবচেয়ে বৃহত্তম উৎস যা স্টেটের মোট নির্গমনের আনুমানিক 34 শতাংশ। নিউ ইয়র্ক স্টেটের পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থা বাস্তবায়ন NY-এর বর্তমান অবস্থা DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

এছাড়া নিউ ইয়র্ক গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে অন্যান্য স্টেটের সাথে একটি দ্বিপক্ষীয় ভিত্তিতে কাজ করছে। 10টি স্টেটীয় অংশীদারের সাথে, নিউ ইয়র্ক আঞ্চলিক গ্রীনহাউস গ্যাস উদ্যোগকে শক্তিশালী করছে যা বিদ্যুৎ খাতের ক্ষতিকর গ্যাসের নির্গমন কমানোর একটি কার্যকর হাতিয়ার। যখন ট্রাম্প প্রশাসন প্যারিস জলবায়ু চুক্তি থেকে সরে আসে, তখন নিউ ইয়র্ক মার্কিন জলবায়ু জোট সহ-প্রতিষ্ঠা করে, এখন 25টি স্টেট এবং অঞ্চল সম্মিলিত 11.7 ট্রিলিয়ন মার্কিন ডলার তহবিল রয়েছে।

জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন অনুযায়ী 2040 সাল নাগাদ স্টেটকে কার্বন মুক্ত বিদ্যুৎ ব্যবস্থা অর্জন করতে হবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85% কমিয়ে আনতে হবে যা পরিবেশবান্ধব জ্বালানির অর্থনীতিতে রূপান্তর দ্রুততর করার ক্ষেত্রে স্টেটসমূহের ও দেশের জন্য একটি নতুন মান নির্ধারণ করবে। নতুন এই আইন বায়ু, সৌর, জ্বালানি দক্ষতা এবং শক্তি সঞ্চয়ের মতো পরিচ্ছন্ন জ্বালানি সমাধানের ক্ষেত্রে বিনিয়োগে উদ্বুদ্ধ করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন